ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৫৫৫
বিলোনীয়া, ৪ জুলাই, ২০২৫

**আগামী ৯ জুলাই বিলোনীয়ায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে**

সারা রাজ্যের সাথে বিলোনীয়া মহকুমাতেও আগামী ৯ জুলাই প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে গত ২ জুলাই বিলোনীয়া মহকুমা শাসক কার্যালয়ে মহকুমা শাসক দেবাশিস দাস-এর সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিলোনীয়া মহকুমার তিনটি ব্লকের প্রতিনিধি সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় আগামী ৯ জুলাই সকাল সাড়ে ৭ টায় বিলোনীয়া মহকুমার তিনটি ব্লক সহ পুর পরিষদ এলাকায় বন্যা ও ভূমি ধ্বসের উপর এই মহড়া শুরু হবে। মহড়ায় পুলিশ, টিএসআর, বিএসএফ, অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীদের পাশাপাশি আপদামিত্র, সিভিল ডিফেন্স ভলান্টিয়ার ও বিভিন্ন দপ্তরের কর্মচারীগণ অংশগ্রহণ করবেন।

*******